



## সম্পাদকের কলমে

এ বছরটাও সাহসীদের বছর হয়ে থাকল। কোন অর্থে সাহসীদের বছর, তার সহজ ও সুলভ সাম্প্র্য অধমের সারা বছরের কলমে দেওয়া গেছে। তাই বছরের অন্তঃপর্বে এনিয়ে আর সাতকাহন লিখছি না। অনেকে ফাঁকড়া তুলবেন - ‘কেন বাপু, শুধু সাহসীদের তোহ্লা দেওয়া কেন? বছরটা ভীরুদের -ও কী নয়!’ তাদের কথাটা উড়িয়ে দেওয়ার নয়। সত্যিই তো, ভীরুদের ভিড় আছে বলে সাহসীরা নজর কেড়ে নেয়। আসলে চারপাশে যখন নিরন্তর ক্ষুদ্রতার চর্চা চলে; তখন একটু বড় করে ভাবা, একটু উঁচুতে যাওয়া, প্রিয় নাম ধরে ডাকা - এসব এক আশ্চর্য সুবাতাস বইয়ে দেয়। প্রতিদিনের বেঁচে থাকা বড্ড লোভনীয় মনে হয়...! এ তো গেল ভাবের কথা। এবার কাজের কথা বলি। কদিন পর বছরটা অতীত হয়ে যাবে, কেননা ২০২৩ এলো বলে। নতুন বছরে ‘আরোহী’র বহিঃরঙ্গে কিছু বদল আসছে। আমাদের যে ওয়েব-আকাশ (website) আছে সেটি দুর্দান্তভাবে সেজে উঠছে। দিন রাত এক করে লেগে আছে আমাদের ফ্রন্টলাইনার-রা...। দেখবেন, ২০২৩ আসার আগেই আকাশে নতুন রঙ লেগেছে। ২৩-এর ফাস্ট শিডিউল তো পেয়ে গেছেন নিশ্চয়ই...? ১৮-২৩ জানুয়ারি, গজা -বুরু পাহাড়ে আরোহী’র ৩৪ নং রক ক্লাইম্বিং কোর্স, সঙ্গে নেচারস্টাডি ক্যাম্প। আশা করছি দারুণ একটা শুরুয়াত হবে। এই কিছুদিন আগে সংগঠনের ৪৩তম জন্মদিন পালন হ’ল দুদিন ধরে, বেশ ঘটা করে। ৬ নভেম্বর সকালে ছিল ‘রান ফর অ্যাডভেঞ্চার’ - অভিযানের জন্য ১২ কিমি দৌড়ল ছোট বড় বুড়োরা মিলে। ৭ নভেম্বর (জন্মদিন) সন্ধ্যায় ছিল ছবি দেখার আসর। অতি সম্প্রতি অভিজিৎ বণিকের নেতৃত্বে এই কলকাতার এক অ্যালপাইনিস্ট দল আগাপাস্তালা টেকনিক্যাল একটি পিক ‘অলিরত্নি টিব্বা’ সামিট করেছিল কোনও সাপোর্ট টিম ছাড়াই। এদিন ওদের দুঃসাহসের নমুনা দেখা গেল স্লাইড ছবিতে। শেষে উন্নতমানের একটি মুভি, ‘চরৈবেতি’ দেখা গেল। অসম্ভব ভালো কাজ! এটি আরোহী’রও অসম্ভব গর্বের জায়গা। গত দশকে আমাদের তারকা সাইক্লিস্ট চন্দন (বিশ্বাস) যে ট্রান্স-হিমালয়ান পরিক্রমা করেছিল দু-চাকায় ভর করে, এই ছবিটি তার যথাযথ এবং নিপুণ হাতে কৃত ডকুমেন্টেশন। হ্যাটসঅফ, চন্দন!

সামনে বইমেলা আসছে, সোনারপুর বইমেলা। গতমাসে ছিল অভিযানের জন্য দৌড়, এমাসে আছে বইয়ের জন্য..., বইয়ের জন্য ১২ কিমি...! কী, ছুটবেন তো? সবাই ভালো থাকবেন।